

বাংলা বিভাগ, শৈলজানন্দ ফাল্গুনী স্মৃতি মহাবিদ্যালয়, বীরভূম

**Study Material for 4<sup>th</sup> Semester (General)**

*Prepared by  
Dr. Ajoy Saha  
Asth. Prof. of Bengali*

**CC – 1 D / 2D/ GE - 4 বিষয় : ভাষাতত্ত্ব**

**০২ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্নোত্তর : (পর্ব -১)**

১। ভাষা কাকে বলে ?

**উত্তর :** ভাষা হল কতগুলি অর্থবহ ধ্বনি সমষ্টির বিধিবদ্ধ রূপ, যা সাহায্যে বিশেষ ভৌগোলিক অঞ্চলের মানুষ নিজেদের মধ্যে ভাব বিনিময় করে।

২। ভাষার বৈশিষ্ট্যগুলি কী কী ?

**উত্তর :** ভাষার বৈশিষ্ট্যগুলি হল –

ক) মানুষের বাগ্যন্ত্র থেকে উচ্চারিত ধ্বনি সমষ্টি।

খ) এই ধ্বনি সমষ্টি একটি সুনির্দিষ্ট অর্থ প্রকাশ করে।

গ) ভাষা বহুজনবোধ্য।

ঘ) তা মনের ভাব প্রকাশ করে। এবং অন্যের মনেও সেই অনুযায়ী প্রতিক্রিয়া করে।

ঙ) ভাষা মানুষকে অন্যান্য প্রাণী থেকে পৃথক করে রেখেছে ও বিশেষ মর্যাদা দিয়েছে।

৩। বাংলা ভাষা কাকে বলে ?

**উত্তর :** পশ্চিমবঙ্গ, বাংলাদেশ, ত্রিপুরা, আসাম, ঝাড়খণ্ডের কিছু অংশে বসবাসকারী বাঙালি সমাজের মানুষ যে বিধিবদ্ধ ধ্বনি সমষ্টির সাহায্যে ভাব বিনিময় করে তাকে বাংলাভাষা বলে।

৪। ভাষা সম্প্রদায় কাকে বলে ?

**উত্তর :** যে জনসমষ্টি একই ধরনের ধ্বনিসমষ্টি ও ধ্বনি সমাবেশের বিধিবদ্ধ রূপের দ্বারা নিজেদের মধ্য ভাব বিনিময় করে সেই জনসমষ্টিকে একটি ভাষা সম্প্রদায় বলে।

৫। উপভাষা কাকে বলে ?

**উত্তর :** কোনও ভাষা সম্প্রদায়ের অন্তর্গত ছোটো ছোটো দলে বা অঞ্চল বিশেষে প্রচলিত ভাষা ছাঁদকে উপভাষা বলে।

৬। বিভাষা কাকে বলে ?

উত্তর : একটি উপভাষা অঞ্চলের মধ্যে যদি বিভিন্ন আঞ্চলিক পার্থক্য গড়ে ওঠে সে বিশেষ আঞ্চলিক বৈশিষ্ট্যযুক্ত ভাষা ছাঁদকে বিভাষা বলে।

৭। অপভাষা কাকে বলে ?

উত্তর : ভিন্ন ভাষা ব্যবহার করতে গিয়ে যখন ওই ভাষা সঠিকভাবে না-শিখে, বা উচ্চারণরীতি না-বুঝে বিকৃত শব্দ বা বাক্য প্রয়োগ করে, তখন সেই বিকৃত বাক্য-ব্যবহারকে অপভাষা বলে।

৮। প্রাদেশিক শব্দ কাকে বলে ?

উত্তর : ভারতের অন্যান্য প্রাদেশিক ভাষার যে শব্দগুলি সরাসরি বাংলা শব্দভাণ্ডারে স্থান লাভ করেছে, সেগুলিকে প্রাদেশিক শব্দ বলে। যেমন – হরতাল (গুজরাটি), বর্গি (মারাঠি), চাহিদা (পাঞ্জাবি), বান্ধ (হিন্দি) প্রভৃতি।

৯। সমশব্দবলয় বলতে কী বোঝ ?

উত্তর : সমান ধ্বনিক্রম সমন্বিত শব্দ বা একই ধরনের শব্দ যদি বিস্তীর্ণ ভাষিক এলাকার কয়েকটি জায়গায় ব্যবহৃত হয়, তখন সেই জায়গাগুলিকে সমশব্দবলয় বলে।

১০। নিভাষা কাকে বলে ?

উত্তর : কোনও ব্যক্তি বিশেষের ভাষা ব্যবহারে যদি স্বাতন্ত্র্য ঘটে, আর যদি সেই স্বাতন্ত্র্য সমন্বিত ভাষা তাঁর পরিবার ও ঘনিষ্ঠেরা ব্যবহার করতে থাকেন, তখন সেই বিশেষ ভাষারূপকে নিভাষা বলা হয়।

১১। বাংলা ভাষার উৎপত্তি ও ক্রমবিকাশ বিষয়ে কে প্রথম গবেষণা করেন ? তাঁর সেই গবেষণা গ্রন্থটির নাম কী ?

উত্তর : বাংলা ভাষার উৎপত্তি ও ক্রমবিকাশ বিষয়ে প্রথম গবেষণা করেন সুনীতিকুমার চট্টোপাধ্যায়। তাঁর গবেষণা গ্রন্থটির নাম 'The Origin and Development of Bengali Language' (১৯২৬)। সংক্ষেপে গ্রন্থটিকে 'ODBL' বলা হয়।

১২। বাংলাভাষায় লেখা প্রথম ভাষাতত্ত্বের গ্রন্থ কোনটি ?

উত্তর : বাংলা ভাষায় লেখা ভাষাতত্ত্বের প্রথম গ্রন্থ সুকুমার সেনের 'ভাষার ইতিবৃত্ত' (১৯৩৯)।

১৩। বাংলা ভাষা পৃথিবীর মূল কোন ভাষাগোষ্ঠী থেকে এসেছে ?

উত্তর : বাংলা ভাষা পৃথিবীর মূল বারোটি ভাষা গোষ্ঠীর একটি অন্যতম গোষ্ঠী 'ইন্দোইউরোপীয়' থেকে এসেছে।

১৪। ইন্দোইউরোপীয় ভাষা গোষ্ঠীর যে শাখাটি ভারতবর্ষে প্রথম গড়ে ওঠে তা কী নামে পরিচিত ?

উত্তর : ইন্দোইউরোপীয় ভাষা গোষ্ঠীর যে শাখাটি ভারতবর্ষে প্রথম গড়ে ওঠে তা 'ভারতীয় আর্য ভাষা' নামে পরিচিত।

১৫। ভারতীয় আর্যভাষার কয়টি বিভাগ ও কী কী ?

উত্তর : ভারতীয় আর্যভাষার মূলত তিনটি স্তর – প্রাচীন ভারতীয় আর্য, মধ্য ভারতীয় আর্য এবং নব্য ভারতীয় আর্য।

১৬। বাংলা ভাষা ভারতীয় আর্যের কোন স্তর থেকে এবং কোন সময় উদ্ভূত হয়েছে ?

উত্তর : বাংলা ভাষা নব্য ভারতীয় আর্যের মাগধী-অপভ্রংশ- অবহট্টের পশ্চিমা শাখা থেকে আনুমানিক নবম-দশম শতাব্দীতে উদ্ভূত হয়েছে।

১৭। বাংলা ছাড়া আর কয়েকটি নব্য ভারতীয় আর্য ভাষার নাম লেখ।

উত্তর : বাংলা ছাড়া আর কয়েকটি নব্য ভারতীয় আর্য ভাষা হল অসমীয়া, ওড়িয়া, ভোজপুরি, মৈথিলি, পাঞ্জাবি, গুজরাটি, মারাঠি, হিন্দি প্রভৃতি।

(ক্রমশ)

\*\*\*\*\*

Prepared by Dr. Ajoy Saha, Astt. Prof. of Bengali, S.F.S Mahavidyalaya